WWW.ASKNETWORK.NET

Bengali

/ASKING FOR NATIONS/

জাতিগনের জন্য

আল্লাহ্ যখন জবুর ২:৮ আয়াতে বলেন, “তুমি আমার কাছে চাও, তাতে সম্পত্তি হিসাবে আমি তোমার হাতে অ-ইহুদী জাতিদের দেব”, তখন ঈসার অনুসারী হিসাবে আমরা যাঞ্চা করার এই দাওয়াতে সাড়া দিতে পারি।

চাও, তোমাদের দেওয়া হবে; খোঁজ কর, পাবে;
দরজায় আঘাত দাও, তোমাদের জন্য খোলা হবে।
মথি ৭:৭

জাতিদের জন্য চাওয়া

চাওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমাদের বার বার, অবিরতভাবে এবং উদ্দেশ্য নিয়ে চাওয়াউচিত, তবে চাইতে আমাদের হবেই! ঈসা বলেছেন, আমরা **চাইলে** আমাদের **দেওয়া হবে**।

জাতিদের খোঁজ করা

এর মানে হল, আমাদের আরও জানতে হবে, সঠিক দিক-নির্দেশনা নিয়ে নির্দিষ্টভাবে চাইতে হবে এবং হাল ছেড়ে দেওয়া চলবে না। ঈসা বলেছেন, আমরা **খোঁজ** করলে **পাব**।

জাতিদের জন্য দরজায় আঘাত করা

আমাদের চাইবারমাত্রা যখন দরজায় আঘাত করার মত হয়ে ওঠে, তখন আমরা যে কোন বাধা ভেঙে এগিয়ে যেতে পারি। ঈসা একে **খোলা দরজা** বলে বর্ণনাকরেছেন।

জাতিদের জন্য আমরা কীভাবে
চাইব, **খোঁজ করব** ও **দরজায় আঘাত করব**, তা জানতে কার্ডটি উল্টিয়ে দেখুন।

জাতিদের জন্য আপনার মুনাজাতের ফলে কী ঘটবে, সেই বিষয়ে একটি দর্শন দিতে আল্লাহ্র কাছে যাঞ্চা করুণ।

এর পরে আমি প্রত্যেক জাতি, বংশ, দেশ ও ভাষার মধ্য থেকে এত লোকের ভিড় দেখলাম যে, তাদের সংখ্যা কেউ গুণতে পারল না। সাদা পোশাক পরে তারা সেই সিংহাসন ও মেষ-শাবকের সামনে খেজুর পাতা হাতে নিয়ে দাঁড়িয়ে ছিল। প্রকাশিত কালাম ৭:৯

জাতিদের জন্য আল্লাহ্র কাছে তাঁর মহব্বত ও অনুগ্রহ চান।

আল্লাহ্ মানুষকে এত মহব্বত করলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপর ঈমান আনে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়। ইউহোন্না ৩:১৬

জাতিদের জন্য আল্লাহ্র কাছে বড় বড় বিষয় যাঞ্চা করুণ।

আমাদের দিলে আল্লাহ্র যে শক্তি কাজ করে সেই শক্তি অনুসারে তিনি আমাদের চাওয়া ও চিন্তার চেয়েও অনেক বেশী করতে পারেন। ইফিষীয় ৩:২০

চাওয়ার মধ্য দিয়ে আল্লাহ্‌র রাজ্য আসে।
জাতিদের জন্য কীভাবে চাইবেন ... খোঁজ করবেন ... দরজায় আঘাত দেবেন

বিভিন্ন জাতির জন্য মুনাজাত করতে আল্লাহ্‌র কাছে যাঞ্চাকরুণ, যেন তিনি **আপনাকে কিতাবুল মোকাদ্দসের নির্দিষ্ট অংশ দেন।** জবুর ১১৯:১৩০

খবর দেখুন এবং যে জাতিগুলোর খবর শিরোনামে থাকে, তাদের জন্য মুনাজাত করুন। ১ খান্দাননামা ১২:৩২

সম্পর্কের সূত্র ধরে এগিয়ে যান। কোন জাতির মধ্যে যদি আপনার কোন বন্ধু বাস করে বা খেদমত করে, তবে তাদের জন্য এবং সেই জাতির জন্য মুনাজাত দিয়ে আপনার চাওয়া শুরু করুন। ইফিষীয় ৬:১৮-১৯

নির্দিষ্ট কোন জাতিগকোন একটি সময়েরজন্য মুনাজাতের প্রয়োজন আছে এমন কথা আপনার অন্তরে গেঁথে দিতে **আল্লাহ্‌র কাছে যাঞ্চা করুণ** দানিয়াল ২:২২

সুখবর-বঞ্চিত জনগোষ্ঠীদের লক্ষ্যকরে আল্লাহ্‌র কাছে যাঞ্চাকরুণ যেন তিনি সুখবর বহনকারীদের পাঠান। ইশাইয়া ৪৫:২২-২৩

জাতিরা যেন মুক্ত হয়, সেজন্য **রোজা রেখে মুনাজাত করুন।** ইশাইয়া ৫৮:৫

চোখ-কান খোলা রাখুন, জাতিগোষ্ঠী সম্পর্কে যা কিছু সম্ভব খোঁজ-খবর নিন। (সহায়ক উপকরণের তালিকা www.ASKNetwork.net -এ আছে) মেসাল ২:১-৬

অন্যদের আপনার সংগে যুক্ত হতে দাওয়াত দিন এবং আপনার দর্শন তাদের জানান। মথি ১৮:১৯-২০

জাতিগণের জন্য মুনাজাত করার সময় মাবুদের কাছে যাঞ্চাকরুণ যেন তিনি সেই জাতির মধ্যে **মুনাজাতকারীদের দাঁড় করান,** এমন কি সেখানে সম্ভব হলে ASK Network প্রতিষ্ঠা করেন। লূক ১০:২

মানচিত্র সামনে রেখে মুনাজাত করুন, এবং মুনাজাত করার সময় **প্রশংসা-কাওয়ালী গেয়ে এবাদত করুন।** পয়দায়েশ ১৩:১৭

মাবুদের নামগুলো এবং জাতিদের উপরে তাঁর রাজত্ব করার অধিকার **ঘোষণা করুন।** ১ শামুয়েল ১৭:৪৫ (নামগুলোর তালিকা www.ASKNetwork.net -এ পাওয়া যাবে)

মুনাজাত করতে, মহব্বত দেখাতে ও সুখবর জানাতে আপনি যেন **বিভিন্ন জাতির মধ্যে যেতে পারেন,** সেজন্যযাঞ্চা করুণ। মথি ২৮:১৯

যারা সুখবর প্রচারে যাচ্ছে, **তাদের জন্য মুনাজাত করার** অঙ্গীকার করুন। ইফিষীয় ১:১৫-১৭

মাবুদের কাছে যাঞ্চা করুণ যেন তিনি সুখবর প্রচারের বিষয়ে আপনার দর্শন বাড়িয়ে দেন। বিষয়টি সহজ রাখুন!

“আল্লাহ্‌ ও মানুষের জন্য যে কেউ যা করতে পারে, তার মধ্যে সবচেয়ে বড় কাজ হল মুনাজাত করা। এটাই একমাত্র কাজ নয়, কিন্তু এটাই প্রধান কাজ।” এস. ডি. গর্ডন

আমি এখন সত্যিই বুঝতে পারলাম আল্লাহ্‌র চোখে সবাই সমান। প্রত্যেক জাতির মধ্য থেকে যারা তাঁকে ভয় করে এবং তাঁর চোখে যা ঠিক তা-ই করে তিনি তাদের গ্রহণ করেন। প্রেরিত ১০:৩৪-৩৫